সংবাদ

তারিখ: 10 JUL 2017
পৃষ্ঠা: ২০ কলাম: ৬

# বেরোবি ও কানাডিয়ান বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ও কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের মধ্যে একটি সমঝোতা চুক্তি (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। গত শনিবার কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের ঢাকাস্থ বনানী ক্যাম্পাসে এ চুক্তি স্বাক্ষরিত হয়। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ, বিটিএফও এবং কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর ভাইস চ্যান্সেলর প্রফেসর উইলিয়াম এইচ ড্যারেঞ্জার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন।

উভয় প্রতিষ্ঠান যৌথভাবে উচ্চশিক্ষা ক্ষেত্রে গবেষণা, প্রকাশনা; শিক্ষা বিষয়ক তথ্যাদি, অভিজ্ঞ শিক্ষক ও গবেষক আদান-প্রদান করবে। এ সময় উপস্থিত ছিলেন- কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান চৌধুরী নাফিজ শারাফাত, প্রফেসর অ্যামিরেটাস এবং স্কুল অফ বিজনেসের ভার্চুয়াল ডিন ড. আতিউর রহমান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, বাংলাদেশ ইকোনমিক অ্যাসোসিয়েশন (বিইএ)-এর জেনারেল সেক্রেটারি ড. জামাল উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠানে কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের বোর্ড অফ ট্রাস্টিজের সদস্য রাহীব শারাফাত চৌধুরীকে টরোন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড থেকে সায়েন্স অ্যাওয়ার্ড এবং অল রাউন্ডার ট্রাস্টি অ্যাওয়ার্ড অর্জনের জন্য সম্মাননা-ক্রেস্ট দেয়া হয়।